বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২১৯ তারিখঃ ১০ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৫ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৫০ তম কমিশন সভা অদ্য ২৫/১১/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায় Social Islami Bank Limited এর ৫০০ কোটি টাকার Unsecured Contingent-Convertible, Floating Rate, Mudaraba Perpetual Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, ইনস্যুরেন্স কোম্পানি, বিভিন্ন ফান্ড, কর্পোরেটস-সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Social Islami Bank Limited এর Tier-I Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। বন্ডটির Trustee হিসাবে EBL Investment Limited এবং Mandated Lead Arranger হিসাবে City Bank Capital Resources Limited ও Prime Bank Investment Limited কাজ করছে।

০২. আগামী ৩০ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে যে সকল তালিকাভুক্ত কোম্পানির উদ্যোক্তা ও পরিচালকগণ আইনানুযায়ী সম্মিলিতভাবে ৩০% শেয়ার ধারণ করতে ব্যর্থ হবেন সে সকল কোম্পানির বোর্ড পুনর্গঠনের লক্ষ্যে প্রস্তাবিত কর্ম-পরিকল্পনা কমিশনের অদ্যকার সভায় চূড়ান্ত করা হয়।

25-11-2020

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"